



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

 জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়

২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ই-মেইল: info@jbc.gov.bd, ওয়েব সাইট: www.jbc.gov.bd

বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের সভার কার্যবিবরণী।

সভাপতি : আবুল খায়ের মোহাম্মদ হাফিজুল্লাহ খান, ম্যানেজিং ডাইরেক্টর (অতিরিক্ত দায়িত্ব)।
তারিখ : ১৮ ডিসেম্বর ২০২৩, সোমবার, দুপুর ১২.০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, জীবন বীমা কর্পোরেশন।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি আর্থিক প্রতিষ্ঠান বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন এবং সকলকে শুদ্ধাচার বাস্তবায়নে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২য় প্রান্তিকে যথাযথ উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়ন করার তাগিদ দেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে হিসাব বিভাগের ম্যানেজার ও শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

২। ম্যানেজার, হিসাব একত্রিকরণ ও জীবন বীমা কর্পোরেশনের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২৩-২০২৪ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা অনুযায়ী সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন। সভায় অবহিত করা হয় যে, ২৭ নভেম্বর, ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার শাখায় NIS Software সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণের আলোকে জীবন বীমা কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মতিক্রমে সংশোধন করা হয়। জীবন বীমা কর্পোরেশন কর্মকর্তা ও কর্মচারীদের চারটি প্রশিক্ষণের মাধ্যমে ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করবে। কর্মপরিবেশ উন্নয়নের জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান থাকবে এবং পোষাক-পরিচ্ছদ নিয়ম-নীতি অনুসরণে প্রদান করবে। চেকে প্রদানকৃত প্রিমিয়াম যথাসময়ে ব্যাংক স্টেটমেন্ট দেখে অনার/ডিজঅনার ব্যবস্থা সফটওয়্যারের মাধ্যমে করতে হবে। জেনারেল ম্যানেজার-এর সভাপতিত্বে ফিডব্যাক সভা আয়োজন করতে হবে।

৩। ডেপুটি জেনারেল ম্যানেজার- অভ্যন্তরীণ অডিট বলেন যে, ২য় প্রান্তিকে রাজশাহী রিজিওনাল অফিস সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণের সভা করবে এবং রেজুলেশন ও উপস্থিতির তালিকা প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

৪। জেনারেল ম্যানেজার-টিএ বলেন যে, বীমা দাবী সময়মত পরিশোধ করতে হবে। বীমাগ্রাহক কর্তৃক তথ্যাদি যথাসময়ে দাখিল না করলে সংশ্লিষ্ট রিজিওনাল অফিস থেকে পত্র দিতে হবে। অন্যথায়, দীর্ঘমেয়াদি অপরিশোধিত দাবী রিটেন ব্যাক করতে হবে। পরবর্তীতে বীমাগ্রাহকের তথ্যাদি দাখিল সাপেক্ষে বীমা দাবী পরিশোধ করতে হবে।

২য় পাতা দ্র:


৫। আলোচনায় জেনারেল ম্যানেজার-ইই বলেন যে, গত সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। তিনিও যথাসময়ে বিধি মোতাবেক বীমা দাবী পরিশোধের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

৬। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.১ বীমা দাবী সময়মত পরিশোধ করতে হবে। বীমাগ্রাহক কর্তৃক তথ্যাদি যথাসময়ে দাখিল না করলে সংশ্লিষ্ট রিজিওনাল অফিস থেকে পত্র দিতে হবে। অন্যথায় দীর্ঘমেয়াদি অপরিশোধিত দাবী রিটেন ব্যাক করতে হবে। পরবর্তীতে বীমাগ্রাহকের তথ্যাদি দাখিল করলে বীমা দাবী পরিশোধ করতে হবে।

৬.২ ব্যাংক চেকে প্রদানকৃত প্রিমিয়াম ব্যাংক স্টেটমেন্ট দেখে যথাসময়ে অনার/ডিজঅনার এর ব্যবস্থা সংশ্লিষ্ট অফিস কর্তৃক সফটওয়্যারে আপডেট করতে হবে।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




আবুল খায়ের মোহাম্মদ হাফিজুল্লাহ খান
উপসচিব
ম্যানেজিং ডাইরেক্টর (অতিরিক্ত দায়িত্ব)

নং ৫৩.১৯.০০০০.৮০৪.০৬.০০০.২০২৩ -২৫২৫

তারিখ: ১৮ ডিসেম্বর, ২০২৩

বিতরণ: সদয় অবগতির জন্য।

- ১। যুগ্মসচিব, নৈতিকতা কমিটি (ফোকাল পার্সন), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পি এস টু সচিব মহোদয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পি এস টু চেয়ারম্যান মহোদয়, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
- ৪। নৈতিকতা কমিটির সকল সদস্য মহোদয়, প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন।



মো: ফেরদৌস আলিম খান
ম্যানেজার- হিসাব

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা